হে আল্লাহ, যেদিন আপনি আপনার বান্দাদের একত্রিত করবেন অথবা পুনরুত্থিত করবেন, সেদিন আপনার শাস্তি থেকে আমাকে রক্ষা করুন।

হুযাইফা ইবনুল ইয়ামান রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যখনই ঘুমাতে চাইতেন, তখনই তিনি তাঁর মাথার নীচে হাত রাখতেন এবং বলতেন:
"হে আল্লাহ, যেদিন আপনি আপনার বান্দাদের একত্রিত করবেন অথবা পুনরুত্থিত করবেন, সেদিন আপনার শাস্তি থেকে আমাকে রক্ষা করুন।" [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ঘুমাতে যেতেন, তখন তিনি তাঁর ডান হাত বালিশের উপর রাখতেন এবং তার ডান গালটি হাতের উপর রাখতেন এবং বলতেন: "হে আল্লাহ," আমার রব, "আমাকে রক্ষা করুন" এবং "আপনার শাস্তি" এবং আযাব থেকে আমাকে হিফাজত করুন " যেদিন আপনি আপনার বান্দাদের একত্রিত করবেন বা পুনরুত্থিত করবেন" বিচারের দিন, পুনরুত্থানের দিন।

http://sunnah.global/hadeeth/bn/show/6167